

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮২৭
আগরতলা, ২২ জুন, ২০২২

লালচান্দ পাড়ায় ম্যালেরিয়া সনাক্তকরণ কর্মসূচি

দক্ষিণ ত্রিপুরা জেলার সার্বুম মহকুমা হাসপাতালের আওতাধীন পূর্ব জলেফা স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত লালচান্দ পাড়াতে গত ১৭ জুন ম্যালেরিয়া সনাক্তকরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। তাতে এলাকার মোট ৪১ জনকে স্বাস্থ্যকর্মীরা ম্যালেরিয়া সনাক্তকরণে আরডিকিট দ্বারা রক্ত পরীক্ষা করেন ও ব্লাড স্লাইড সংগ্রহ করেন। আরডিকিট পরীক্ষায় সকলের রেজাল্টই নেগেটিভ ছিল। তাছাড়া স্বাস্থ্যকর্মীরা ম্যালেরিয়া স্ক্রিনিংয়ের পাশাপাশি সকলকে ম্যালেরিয়া প্রতিরোধে নিয়মিত মশারি ব্যবহার করা, ডিডিটি স্প্রে করা, বাড়ি ঘরের আশপাশ পরিষ্কার রাখা এবং জ্বর হলে নিকটবর্তী স্বাস্থ্যকেন্দ্রে যোগাযোগ করে রক্ত পরীক্ষা করার জন্য পরামর্শ প্রদান করেন। উক্ত কর্মসূচিতে উপস্থিত ছিলেন কমিউনিটি হেলথ অফিসার মুন্না সিংহ রায়, এমপিডব্লিউ অঞ্জলি মগ, ম্যালেরিয়া টেকনিক্যাল সুপার ভাইজার বিশ্বজিৎ রাজ এবং এলাকার আশাকর্মা মলিনা শীল। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
